

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা কোষ (শ্রম-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ২২ চৈত্র ১৪২১/০৫ এপ্রিল ২০১৫

নং ৪০.০০.০০০০.০২৩.০৩.০০২.১৩-২২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার আলোকে ১২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের আদেশ নং ৪০.০০.০০০০.০২৩.০৩.০০২.১৩-৮১ মূলে গঠিত জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (NCLWC) রাহিত করে নিম্নরূপে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ পুনঃগঠন করা হলো :

(১)	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী	সভাপতি
(২)	সভাপতি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি	সদস্য
(৩)	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪)	সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
(৫)	সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
(৬)	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(৭)	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সদস্য
(৮)	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য

(২৭২৯)

মূল্য : টাকা ৪০০

(৯)	সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
(১০)	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
(১১)	সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(১২)	মহা-পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় (শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট)	সদস্য
(১৩)	মহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	সদস্য
(১৪)	যুগ্ম-সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
(১৫)	শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর	সদস্য
(১৬)	চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমী	সদস্য
(১৭)	কান্ট্রি ডাইরেক্টর, ইউনিসেফ-বাংলাদেশ	সদস্য
(১৮)	পরিচালক, আন্তর্জাতিক শ্রম সংস্থা-বাংলাদেশ	সদস্য
(১৯)	কান্ট্রি ডাইরেক্টর, সেভ দ্য চিলড্রেন-বাংলাদেশ	সদস্য
(২০)	সভাপতি, বাংলাদেশ এমপ্লায়ার্স ফেডারেশন	সদস্য
(২১)	সভাপতি, বিজিএমইএ	সদস্য
(২২)	সভাপতি, বিকেএমইএ	সদস্য
(২৩)	জনাব শুকুর মাহমুদ, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ	সদস্য
(২৪)	এডভোকেট দেলোয়ার হোসেন খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ লেবার ফেডারেশন	সদস্য
(২৫)	বেগম রওশন জাহান সাথী, সভাপতি, জাতীয় মহিলা শ্রমিক লীগ	সদস্য
(২৬)	চেয়ারম্যান, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম	সদস্য
(২৭)	নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র	সদস্য
(২৮)	নির্বাহী পরিচালক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি	সদস্য
(২৯)	চেয়ারম্যান, শিশু কল্যাণ পরিষদ	সদস্য
(৩০)	বেগম রাশেদা কে চৌধুরী, নির্বাহী পরিচালক, Campaign for Popular Education (CAMPE).	সদস্য

(৩১)	জনাব এহসানুর রহমান, চেয়ারপার্সন, DAWN Forum.	সদস্য
(৩২)	জনাব কে মাসুদ আলী, চেয়ারপার্সন, INCIDIN Bangladesh.	সদস্য
(৩৩)	বেগম লীমা ফেরদৌস, নির্বাহী পরিচালক, Street Women-Children Protection Forum.	সদস্য
(৩৪)	যুগ্ম-সচিব (আইও), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য সচিব

পরিষদের কার্যপরিধি :

- (১) দেশের সার্বিক শিশুশ্রম পরিস্থিতি বিশ্লেষণ ও পর্যালোচনা;
- (২) জাতীয় শিশুশ্রম নিরসন নীতি, ২০১০ এবং এ সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নে পরামর্শ প্রদান;
- (৩) প্রতিকূল শিশুশ্রম পরিস্থিতি থেকে উত্তরণের দিক নির্দেশনা প্রদান;
- (৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শিশুশ্রম নিরসন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচী বাস্তবায়ন সমন্বয়;
- (৫) জাতীয় শিশুশ্রম নিরসন নীতি বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- (৬) শিশুশ্রম নিরসন সম্পর্কিত বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, জেলা শিশু অধিকার পরিবীক্ষণ ফোরাম এবং উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;
- (৭) প্রয়োজনে পরিষদে প্রতিনিধি কো-অপ্ট করা যাবে।
- (৮) পরিষদ ৬ (ছয়) মাস অন্তর সভায় মিলিত হবে।

শাকিলা আক্তার
সহকারী প্রধান (শ্রম)।